# ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (এসএমই) অনুদান প্রদান সম্পর্কিত গাইডলাইন- ২০২২

ভিশন-২০২১ বাস্তবায়নসহ দেশকে ২০৪১ সালে উন্নত ও সমৃদ্ধ দেশে রূপান্তরের লক্ষ্যে দেশীয় উদ্ভাবক ও উদ্যোক্তাদের জন্য একটি সুগঠিত স্টার্টআপ ইকোসিস্টেম গঠন করতে এবং দেশের উদ্ভাবক ও উদ্যোক্তাগণকে অগ্রসরমান তথ্য-প্রযুক্তিতে বিশ্বের সঙ্গে তাল মিলিয়ে সফল ভবিষ্যতের পথে এগিয়ে নিয়ে যাওয়ার সক্ষমতা অর্জন করার ক্ষেত্রে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের আওতায় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন 'উদ্ভাবন ও উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ (iDEA)' শীর্ষক প্রকল্প কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে উক্ত প্রকল্প থেকে গ্র্যান্ট প্রদান-সহ প্রশিক্ষণ, মেন্টরিং ও বিভিন্নভাবে সহযোগিতা প্রদানের কার্যক্রম চলমান রয়েছে, যা বাংলাদেশে স্টার্টআপ ইকোসিস্টেম গঠনে শক্তিশালী ভূমিকা রাখছে।

ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (এসএমই) দেশের জাতীয় আয় বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টিতে গুরুত্বপূর্ণ অবদান রেখে আসছে। ডিজিটাল বাংলাদেশের অর্থনৈতিক সমৃদ্ধি প্রক্রিয়া চলমান রাখতেও তাদের উল্লেখযোগ্য ভূমিকা রয়েছে। এই ধারাবাহিকতায় আইডিয়া প্রকল্প স্টার্টআপদের পাশাপাশি ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (এসএমই), উদ্যোক্তা, বিশেষ করে নারী উদ্যোক্তাদের উন্নয়ন, উৎসাহ প্রদান এবং তাদের ব্যবসাকে ত্বরান্বিত করার জন্য এককালীন অনুদান প্রদানের উদ্যোগ গ্রহণ করেছে, যা ২০৪১ সালের উন্নত বাংলাদেশ বিনির্মাণ ও কর্মসংস্থান সৃষ্টিতে অনুঘটক হিসেবে ভূমিকা পালন করবে।

**১। লক্ষ্য**

রূপকল্প ২০৪১ বাস্তবায়নসহ উন্নত বাংলাদেশ বিনির্মাণে এসএমই উদ্যোক্তাদের সহায়তা প্রদান।

**২। উদ্দেশ্য**

ক) ক্ষুদ্র ও মাঝারি শিল্প প্রতিষ্ঠান (এসএমই) খাতকে আরও বেগবান এবং টেকসই করার জন্য প্রয়োজনীয় যথাযথ পরিবেশ সৃষ্টি এবং আর্থিক অনুদান প্রদান করা; এবং

খ) দেশে উদ্যোক্তা সাপ্লাই চেইন তৈরি, ডিজিটাল উদ্যোক্তা তৈরি, এসএমই থেকে স্টার্টআপ তৈরি এবং নারী উদ্যোক্তা উন্নয়ন।

**৩। অনুদান প্রদানের প্রক্রিয়াঃ**

আইডিয়া প্রকল্প নির্বাচিত এসএমই-দের প্রত্যেককে ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা এককালীন অনুদান প্রদান করবে এবং অনুদান প্রদানে নিম্নোক্ত প্রক্রিয়া অনুসরণ করবেঃ

ক) প্রি-স্ক্রিনিং/স্ক্রিনিং:

এসএমইদের প্রত্যেককে আইডিয়া প্রকল্প থেকে অনুদান প্রদানের পূর্বে তারা প্রকৃত এসএমই/উদ্যোক্তা কিনা সেসকল তথ্যাদি এবং আবেদন যোগ্যতার তথ্যাদি স্ব স্ব প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর মাধ্যমে প্রি-স্ক্রিনিং/স্ক্রিনিং হয়ে আসতে হবে। এক্ষেত্রে প্লাটফর্ম/এসোসিয়েশন- এর বিদ্যমান প্রি-স্ক্রিনিং বা স্ক্রিনিং-এর শর্তাবলী পূরণের পাশাপাশি নিম্নোক্ত শর্তাবলী অনুসরণ করতে হবেঃ

১) এসএমইদের বৈধ জাতীয় পরিচয় পত্র থাকতে হবে;

২) ব্যাংক আকাউন্ট থাকতে হবে; এবং

৩) ডিজিটাল বিজনেস আইডেনটিফিকেশন নম্বর (ডিবিআইডি) থাকতে হবে।

খ) সিলেকশন:

১) স্ব স্ব প্ল্যাটফর্ম/এসোসিয়েশন থেকে প্রি স্ক্রিনিং/স্ক্রিনিং এর পর এসএমইদের চূড়ান্ত তালিকা অফিসিয়াল লেটার হেডে এবং টপশিট সহ প্রকল্প অফিসে প্রেরণ করতে হবে এবং প্রেরিত প্রত্যেকটি এসএমইদের আবেদন স্ব স্ব প্ল্যাটফর্ম কর্তৃক সিলমোহর সহ প্রেরণ করতে হবে;

২) স্ব স্ব প্ল্যাটফর্ম/এসোসিয়েশন থেকে প্রেরিত এসএমইরা আইডিয়া প্রকল্প কর্তৃক প্রেরিত অনলাইন এপ্লিকেশন ফর্মে তাদের নাম, ব্যবসার নাম, ডিবিআইডি এবং অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি প্রেরণ করে আবেদন সম্পন্ন করবে; এবং

৩) প্রাপ্ত আবেদনসমূহ আইডিয়া প্রকল্প কর্তৃক যাচাই বাছাই শেষে সিলেকশন কমিটিতে উপস্থাপন করবে।

৪। প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর দায়িত্ব ও কার্যাবলীঃ

ক) যে সকল প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর সদস্য হিসেবে এসএমইদের আবেদন পেশ করা হবে সে সকল প্ল্যাটফর্ম/এসোসিয়েশন আইডিয়া প্রকল্পের সাথে চুক্তি সম্পাদন করবে।

খ) আইডিয়া প্রকল্প, নির্বাচিত এসএমই এবং এসএমইদের স্ব স্ব প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর মধ্যে ত্রি-পাক্ষিক চুক্তি স্বাক্ষরিত হবে;

গ) প্ল্যাটফর্ম/এসোসিয়েশন, এসএমইদের আইডিয়া প্রকল্প থেকে অনুদান প্রদানের পূর্বে, তারা প্রকৃত এসএমই কিনা সেসকল তথ্যাদি এবং আবেদন যোগ্যতা যাচাই করবে;

ঘ) স্ব স্ব প্ল্যাটফর্ম/এ্যাসোসিয়েশন এসএমইদের প্রদানকৃত অনুদানের অর্থের যথাযথ ব্যবহার সুনিশ্চিত করবে।

ঙ) স্ব স্ব প্ল্যাটফর্ম/এ্যাসোসিয়েশন-কে এসএমইদের অনুদানের অর্থ ব্যবহারের বিষয়ে তথ্যাদি সংগ্রহ, প্রতি ৩ মাস অন্তর মূল্যায়ন রিপোর্ট এবং ১ বছর পর প্রভাব বিশ্লেষণী রিপোর্ট অনুদান প্রকল্প কার্যালয় বরাবর প্রদান করবে। বর্ণিত রিপোর্টসমূহ অনুদান প্রদানের তারিখ হতে পরবর্তী ২ বছর পর্যন্ত প্রদান করবে। প্রকল্পের মেয়াদ শেষে মূল্যায়ন ও বিশ্লেষণী রিপোর্ট প্রস্তাবিত আইডিয়া একাডেমি অথবা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল বরাবর দাখিল করবে।

চ) স্ব স্ব প্ল্যাটফর্ম/এ্যাসোসিয়েশন, আইডিয়া প্রকল্পের ব্র্যান্ডিং ও মার্কেটিং এর বিষয়টি অনুদানপ্রাপ্ত এসএমই-দের দ্বারা নিশ্চিত করবে।

৫। আইডিয়া প্রকল্পের দায়িত্ব ও কার্যাবলীঃ

ক) আইডিয়া প্রকল্প এসএমই এবং স্ব স্ব প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর সাথে ত্রি-পাক্ষিক চুক্তি স্বাক্ষর করবে। এছাড়াও আইডিয়া প্রকল্প এসএমইদের চূড়ান্ত তালিকা প্রদানকারী প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর সাথে চুক্তি সম্পাদন করবে।

খ) অনুদানের অর্থ সংক্রান্ত কোন ধরণের অনিয়ম/অসুদপায় অবলম্বন করলে আইডিয়া প্রকল্প অনুদান গ্রহণকারীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবে;

গ) এসএমই-দের অনুদানপ্রাপ্ত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে প্রকল্প কার্যালয় ও স্ব স্ব প্ল্যাটফর্মগুলো মনিটরিং করবে;

৬। অনুদানপ্রাপ্ত এসএমই-দের এর দায়িত্ব ও কার্যাবলীঃ

ক) এসএমই-দের আইডিয়া প্রকল্প এবং স্ব স্ব প্ল্যাটফর্ম/এসোসিয়েশন- এর সাথে ত্রি-পাক্ষিক চুক্তি স্বাক্ষর করবে;

খ) এসএমই-দের অনুদানপ্রাপ্ত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে এবং ঋণ পরিশোধের জন্য অনুদানের অর্থ ব্যবহার করা যাবে না।

গ) অনুদানপ্রাপ্ত এসএমইদের অর্থ ব্যবহারের বিষয়ে তথ্যাদি এবং প্রতি ৩ মাস অন্তর মূল্যায়ন রিপোর্ট এবং ১ বছর পর প্রভাব (effect) বিশ্লেষণী রিপোর্ট স্ব স্ব প্ল্যাটফর্ম/এ্যাসোসিয়েশন বরাবর প্রদান করবে;

ঘ) অনুদানপ্রাপ্ত এসএমই-দের মার্কেটিং চ্যানেলে আইডিয়া প্রকল্পের ব্র্যান্ডিং ও মার্কেটিং এর বিষয়টি নিশ্চিত করবে;

**৭। মালিকানা ও সংশোধন**

**এই গাইডলাইনের মালিকানা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অধীন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি), তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ প্রয়োজনীয়তার নিরিখে গাইডলাইনটি সংশোধন করতে পারে।**

29.9.22

আলতাফ হোসেন
প্রকল্প পরিচালক (যুগ্ম-সচিব)
উদ্যোক্তা উন্নয়ন একাডেমী প্রতিষ্ঠাকরণ প্রকল্প
বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার